একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

শেখ হাসিনার উদ্যোগ

মুজিব শতবর্ষ

# ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
BHOLA PALLI BIDYUT SAMITY

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
ISO 9001:2015 Certified

সদর দপ্তর,
বাংলাবাজার, ভোলা।
E-mail: bhopbs@gmail.com
Web site: www.pbs.bhola.gov.bd

স্মারক নং-২৭.১২.০৯২৯.৫৫৬.০১.০০৯.২৩.৮৭৪

তারিখঃ ২৪ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
০৯ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

## "দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা প্রহরী নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি"

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির ইনডোর উপকেন্দ্র ও সুইচিং ষ্টেশনের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ীভাবে **"দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা প্রহরী"** পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতা সম্পন্ন ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলোঃ-

| পদের নাম | শূন্য পদের সংখ্যা | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মজুরী | যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| **"নিরাপত্তা প্রহরী" (দৈনিক মজুরী ভিত্তিতে) পুরুষদের জন্য সংরক্ষিত** | **০৬(ছয়)টি। (কম বেশী হতে পারে)** | **২৩/০৩/২০২৩ খ্রিঃ তারিখে ন্যুনতম ১৮ (আঠার) বছর এবং অনুর্ধ্ব ৬৫ বছর।** | **(ক) প্রার্থীকে ন্যুনতম ৮ম শ্রেণী/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।**<br>(খ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা ও পড়ার ন্যুনতম দক্ষতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>(ঘ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | **দৈনিক ৪০০.০০ (চারশত)টাকা।** | **ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকার স্থায়ী ভাবে বসবাসকারী সকল পুরুষ বাসিন্দা। এছাড়া বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলাধীন শ্রীপুর ও আলিমাবাদ ইউনিয়ন, পটুয়াখালী জেলার দশমিনা উপজেলাধীন চরবোরহান ইউনিয়ন, গলাচিপা উপজেলাধীন চরকাজল ও চরবিশ্বাস ইউনিয়ন, রাঙাবালী উপজেলাধীন চরমোন্তাজ ইউনিয়ন এবং লক্ষীপুর জেলার সদর উপজেলাধীন রামগতি ইউনিয়নের শুধুমাত্র পুরুষ নাগরিকগণ আবেদন করতে পারবেন।** |

**শর্তাবলীঃ**

০১। উল্লেখিত পদে নিয়োগলাভে আগ্রহী প্রার্থীগণ-কে ভোলা পবিসের ওয়েবসাইট (www.pbs.bhola.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম (**ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১**) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক (পূরনযোগ্য প্রবেশপত্র সহ) স্বহস্তে যথাযথভাবে পূরণ করে **আগামী ২৩/০৩/২০২৩ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে **জেনারেল ম্যানেজার, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি, বাংলাবাজার, ভোলা** এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। সরাসরি কোনো আবেদনপত্র গৃহীত হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। **নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবেঃ**

**(ক) ওয়েব সাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে;**
(খ) আবেদন পত্রের নির্ধারিত স্থানে ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন সত্যায়িত ছবি সংযোজন করতে হবে;
(গ) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত অনুলিপি (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নহে);
(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদপত্র;

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে **"প্রযোজ্য নয়"** উল্লেখ করতে হবে।

০৪। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৫। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে আপনার কোন দাবীও গ্রহণযোগ্য হবেনা। যতদিন প্রয়োজন ততদিন **"দৈনিক মজুরী ভিত্তিতে"** কাজ করার অনুমতি প্রদান করা হবে এবং তা বলবৎ থাকবে।

চলমান পাতা-০২

০৬। নির্বাচিত প্রার্থীকে দৈনিক মজুরী ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা প্রহরী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং **দৈনিক মজুরী হবে ৪০০.০০ (চারশত) টাকা,** যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজার মূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী **দৈনিক রাত্রিকালীন ০৮(আট) ঘন্টা** সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন। নিয়োজিত থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন করতে হবে।

০৭। যে দিন কর্মে নিয়োজিত থাকবেন নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেই দিনের জন্য **৪০০.০০ (চারশত)** টাকা মজুরী পাবেন; এক্ষেত্রে কোন ভাতা, বোনাস পাবেন না।

০৮। অনুমতিপ্রাপ্ত নিরাপত্তা প্রহরীর নিজ নামে ব্যাংকে একটি হিসাব নম্বর থাকবে এবং তাতে মাসিক ভিত্তিতে মোট মজুরী প্রদান করা হবে।

০৯। পুলিশ প্রশাসন কর্তৃক প্রার্থীর প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনকভাবে না হলে/কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে নিরাপত্তা প্রহরী কাজের অনুমতিপত্র বাতিল করা হবে।

১০। উত্তীর্ণ প্রার্থীকে কাজের অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সার্টিফিকেট দাখিল করতে হবে।

১১। কাজের অনুমতি প্রদানের সময় নিরাপত্তা প্রহরী কর্তৃক **নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০.০০ (দশ হাজার)** টাকা সমিতির অনুকূলে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে পবিস কর্তৃক ফেরত প্রদান করতে হবে;

১২। অনুমতিপ্রাপ্ত প্রত্যেক নিরাপত্তা প্রহরীকে পবিস কর্তৃক ইউনিফরম (শার্ট, প্যান্ট, জুতা, টুপি) ও অন্যান্য সরঞ্জাম (বাঁশি, টর্চ, লাঠি, ছাতা) সরবরাহ করা হবে।

১৩। শারীরিক সক্ষমতা যাচাই ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

১৪। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীদেরকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পুরণকৃত ফর্মের প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৫। প্রার্থীকে ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির **ইনডোর উপকেন্দ্র ও সুইচিং ষ্টেশনের** নিরাপত্তার কাজে দায়িত্ব পালন করতে হবে।

১৬। অবাধ্যতা, অযোগ্যতা, অসদাচরণ বা দুনীতির দায়ে দোষী হলে তাৎক্ষণিক তার সেবা গ্রহণ বন্ধ করা হবে।

১৭। যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮। আবেদনকারী ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকের (ক্রমিক নং- ০১) আবেদনপত্র স্বহস্তে পূরণ করে চাহিত কাগজপত্রাদি সহ প্রেরণ করবেন।

০৭.০৩-২৩

(মোঃ আলতাপ হোসেন)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি এবং নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ)/ মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
০৫। জেলা প্রশাসক, ভোলা /পুলিশ সুপার, ভোলা।
০৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৮। একান্ত সচিব, সদস্য (পবিস ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৯। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ভোলা।
১০। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------------------- পবিস-১/২/৩/৪।
১১। উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন উপজেলা।
১২। ডিজিএম (সকল), ভোলা পবিস।
১৩। এজিএম (সকল),ভোলা পবিস।
১৪। এজিএম (আইটি), ভোলা পবিস **(ভোলা পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।**
১৫। অফিস কপি/ মাস্টার কপি/নোটিশ বোর্ড।

০৭.০৩.২৩

(মোঃ আলতাপ হোসেন)
জেনারেল ম্যানেজার

E:\AGM (Admin)-2022\CO Rozina\Neyog বদলী সংক্রান্ত..docx

ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ফরম নং-১১০-০০২, ভার্সন-০১, তারিখ-২৭/০৪/২০১৪ খ্রীঃ

## ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এ দৈনিক মুজুরী ভিত্তিতে নিরাপত্তা প্রহরী পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গ্যাজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
বাংলাবাজার, ভোলা।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-
স্মারক নং-................ তারিখঃ ...............................

২ আবেদনকৃত পদের নাম-
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণঃ ...............................................

............................................... ৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

............................................... ৫. প্রকাশনার তারিখ

............................................... ৬. আবেদনকারীর পুর্ণ নাম(বাংলায়)

............................................... (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

............................................... ৭. জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ/জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন অনুযায়ী)

........../........../................(দিন/মাস/বছর)

............................................... ৮. মাতার নাম

৯. বয়স (২৩/০৩/২০২৩ খ্রিঃ তারিখে)

............................................... ১০. পিতার নাম

............................................... ১১. ধর্ম

............................................... ১২. জাতীয়তা

............................................... ১৩. নিজ জেলা

............................................... ১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিত অবস্থা (টিক(√)দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√)দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

............................... ক. গ্রাম/সড়ক/বাড়ী ............................... খ. ডাকঘর ............................... গ. উপজেলা/থানা ............................... ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

............................... ক. গ্রাম/সড়ক/বাড়ী ............................... খ. ডাকঘর ............................... গ. উপজেলা/থানা ............................... ঘ. জেলা

............................................... ১৯. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর

............................................... ২০. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য

............................... ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত)ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িতপূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

.......................................... তারিখ

....................................................... আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত শাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

বাংলাবাজার, ভোলা।

ISO 9001:2015 Certified

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

# মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ..............................................................

পরীক্ষার তারিখ ঃ ..............................................................

পরীক্ষার সময় ঃ ..............................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ..............................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ..............................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ................................

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম ঃ ..............................................................................

প্রার্থীর নাম ..............................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ..............................................................

..............................................................................................

..............................................................................................

..............................................................................

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি বাংলাবাজার, ভোলা